কক্সবাজারে পুলিশ হত্যা মামলায় ১ জনের ফাঁসি ২জনের কারাদন্ড

এম ইউ আর মাসুদ- কক্সবাজার শহরে ট্যুরিস্ট পুলিশের কনস্টেবল পারভেজ হোসাইন হত্যা মামলায় একজনকে ফাঁসি। ২ জনকে ১০ বছরের কারাদ খালাস দিয়েছেন আদালত। এছাড়া ৪ জনকে বেকসুর খালাস দিয়েছে আদালত।

বুধবার দুপুরে কক্সবাজারের অতিরিক্ত জেলা ও দায়রা জজ মহিউদ্দিন মুরাদ এই রায় ঘোষণা করেন।



নিহত কনস্টেবল পারভেজ

ফাঁসির দণ্ডাদেশ প্রাপ্ত আবু তাহের (২৮) কক্সবাজার শহরের ঘোনারপাড়ার আবুল কালামের ছেলে। এছাড়া সাজাপ্রাপ্ত দুই আসামি হল, শফিউল আলম ওরফে শফি আলম (৩২) শামসুল আলম ওরফে শামছু এবং রশিদুল হাসান ওরফে রাশেদুল হাসান ওরফে হাসান দক্ষিন ঘোনারপাড়ার নাজির হোসেনের ছেলে।

সংশ্লিষ্ট আদালতের রাষ্ট্রপক্ষের আইনজীবী মোজাফ্ফর হোসেন হেলালী জানান, ২০১৫ সালের ২৩ জুলাই কক্সবাজার শহরের বাহারছড়া গোল চত্বর এলাকায় একদল ছিন্তায়কারীকে ধরতে গিয়ে ট্যুরিস্ট পুলিশের কনস্টেবল পারভেজ ছিনতাইকারীর ছুরিকাঘাতে নিহ হন। এই ঘটনা এই টুরিস্ট এক কর্মকর্তা বাদী হয়ে হত্যা মামলা দায়ের করে। এ মামলায় তদন্ত কর্মকর্তা একই বছরের ২৪ নভেম্বর আদালতে অভিযোগপত্র জমাদেন। আদালত ২০১৯ সালের ১ অক্টোবর অভিযোগ শুনানি করেন। দীর্ঘ

বিচারকার্য শেষে আদালতের বিচারক আজকে এ রায় ঘোষণা করেন।